

ফিফা ১৬

অবশেষে উন্মুক্ত হলো বহুল আলোচিত ফিফা ১৬-এর সম্পূর্ণ সংস্করণ। সেপ্টেম্বর ২৪ তারিখে বিশ্বব্যাপী এই গেমটি সবার মাঝে উন্মোচিত হয়।

ফিফা ১৬-এ আমাদের পূর্ব প্রকাশিত উল্লিখিত ফিচারগুলোই যুক্ত করা হয়েছে।



অক্টোবরের ৪ তারিখে প্রথমবারের মতো ফিফা ১৬-এর একটি আপডেট অবমুক্ত হয়। এই আপডেটের পর গেম প্লে-তে কিছু নিখুঁত পরিবর্তন পরিলক্ষিত হয়।

গেম প্লে আরও বেশি নিখুঁত হয়েছে, খেলোয়াড়দের নড়াচড়া আরও উন্নত করা হয়েছে, তবে গেমের গতিতে কিছু পরিবর্তন করা হয়েছে, কিছুটা মধুর গতি পরিলক্ষিত



হয়েছে, টিম প্লে ব্যাপারটিকে এবার বেশি প্রাধান্য দেয়া হয়েছে, দূরপাল্লার শটগুলো আরও উন্নত করা হয়েছে।

এবার গেম প্লে-তে ক্রস একটি বড় কার্যকর ভূমিকা রাখতে যাচ্ছে বলে মনে হচ্ছে। ক্রসকে আপডেটের পর আরও বেশি আক্রমণাত্মক অস্ত্র হিসেবে দেখা যাচ্ছে। আরও একটি অন্যতম গুরুত্বপূর্ণ পরিবর্তন হলো, গোলরক্ষকদের

আগের চেয়ে আরও দক্ষ এবং নিখুঁত বলে মনে হচ্ছে।

Fifa16 global cd key standard edition 3500 taka

Upcoming feature: fifa16 ultimate team #fut16

For more updet join

Bangladesh origin fifa Gamers :


<https://www.facebook.com/groups/ORIGIN.BD/>

নট রিঅ্যায়েকেনিং

জাদুকরী দুই মাথাসমৃদ্ধ গরু যা কি না আবার বুড়ো মানুষের মতো জ্ঞানসমৃদ্ধ কথাও বলতে পারে- এই ধরনের ফ্যান্টাসির সময় সত্যিতে রূপান্তরিত হওয়ার সময় প্রায় হয়েই আসছে। বর্তমান উন্নত এআর গেমিং কনসোলগুলো সহজেই এগুলো সম্ভব করে তুলেছে। তবে পিসি গেমিং ইন্ডাস্ট্রিও হাত গুটিয়ে বসে থাকছে না। আর এবারের ঈদসংখ্যা থাকছে পিসি গেমিংয়ের 'নিউ অ্যান্ড অবস্ক্যার' নিয়ে।

নট রিঅ্যায়েকেনিংয়ের কোনো স্টোরিলাইন নেই। নেই কোনো শুরু, নেই কোনো আপাত শেষ। লিম্বো, কন্স্ট্রে জ্যু জাতীয় গেমগুলো যারা খেলেছেন তাদের এই জনরার সাথে নতুন করে পরিচয় করিয়ে দেয়ার প্রয়োজন নেই। গেমটি গেমারকে নিয়ে আসবে তার নিজস্ব কমফোর্ট জোনের বাইরে, যা তাকে দেবে অন্য গেমগুলো থেকে ভিন্নতর অভিজ্ঞতা।

নট রিঅ্যায়েকেনিং সবচেয়ে সুন্দর 'স্টেট অব দ্য আর্ট' গেম। এটি বিশ্বব্যাপী শুধু সমাদৃতই হয়নি মুগ্ধতায় আপন করে নিয়েছে সব গেমারের হৃদয়। নট রিঅ্যায়েকেনিংয়ের সবচেয়ে অদ্ভুত সুন্দর দিক হলো এটি সত্য করে দিতে পারে যেকোনো কল্পনাকে। অদ্ভুতুড়ে কোনো কিছুর মাত্রাও ঠিক করা নেই এখানে। যেমন- তেমন কোনো একটা পাজল নিয়ে নিজের পরিচিত বাস্তবতার মতো করে সমাধান করতে গিয়ে যেকোনো গেমারেরই নিজের ক্ষমতার ওপর মুগ্ধতা এসে পড়বে। বন্দুক, মিথলজিক্যাল মিনটুরস, বিশাল বিশাল মাকড়সা আর টার কোর্টেডথর্ন সব মিলিয়ে যেকোনো সময় যেকোনো কিছু ঘটতে পারে। চারপাশ দিয়ে ভয়ঙ্কর সব পরিবেশ একটু অসাবধান হলেই শেষ করে দিতে পারে সবকিছু। পরিবেশের সবকিছুতেই নজর



রাখতে হবে গেমারের, 'চোখ ফসকালে চলবে না'। কোম্পানির প্রথম প্রচেষ্টার ফসল এই গেম নাড়িয়ে দিয়েছে পুরো গেমিং মার্কেটকে। তৈরি করেছে নতুন ভিত। ফার্স্ট পারসন এক্সপ্লোরেশন জনরার গেমটিতে নিখুঁতভাবে উঠে এসেছে প্রতিটি মানুষের জীবনচিত্র, যা হয়তো গেমার নিজের জীবনের সাথে মিলিয়ে ফেলে হঠাৎ বেশ অবাধ হয়ে যাবেন হয়তো। আছে নানা ধরনের উপাদান, ইচ্ছেমতো ফিজিক্স, যা ইচ্ছে করার স্বাধীনতা- সবকিছু মিলিয়ে গেমটি ছাড়িয়ে গেছে লিম্বো আর মেকানিক্সিয়ামকেও। বাস্তবতা-কল্পনা, ধাঁধা- সেগুলোর সমাধান, সব মিলিয়ে নট রিঅ্যায়েকেনিং কোথায় যে গিয়ে ঠেকেছে হয়তো গেমার নিজেই ঠাহর করতে পারবেন না। একটা কথা বলে নেয়া ভালো, সারাক্ষণ নিভে গিয়ে থাকা বাতি, বাইরে বাড়তে থাকা ঝড়-বিজলী, ভয়ঙ্কর ব্যাকগ্রাউন্ড থিম- সব মিলিয়ে ভূতের দেশ মনে হলেও নট রিঅ্যায়েকেনিং মোটেও কোনো হরর জনরার গেম নয়। সম্পূর্ণ গেমিং আর্কিটেকচার সবকিছুকে এমন চমৎকারভাবে মোহনীয় করে তুলেছে, মনে হবে প্রতিটি জিনিস কাছে নিয়ে আরও নিখুঁতভাবে নিরীক্ষা করতে। সমস্যা হতে পারে যখন অনেক তথ্য সুন্দর করে মেমরিতে গুছিয়ে রাখার জন্য গেমার পিসি-কিবোর্ডের পাশাপাশি খাতা-কলম নিয়েও বসবেন।

গেম রিকোয়ারমেন্ট

উইন্ডোজ : এক্সপি/ভিসতা/৭, সিপিইউ : পেন্টিয়াম ৪.২
গিগাহার্টজ/এএমডি অ্যাথলন এক্সপি ২০০০+, র‍্যাম : ২
গিগাবাইট উইন্ডোজ ভিসতা/২ গিগাবাইট উইন্ডোজ ৭,
ভিডিওকার্ড : জি ফোর্স ৫০০০ সিরিজ জিটিএস/রাডেওন
(সমতুল্য), ২৫৬ মেগাবাইট পিক্সেল শেডার টেকনোলজি,
হার্ডডিস্ক : ১ গিগাবাইট